



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ২৫/নরসিংদী/ ১৩৮০

তারিখ: ০৫/১২/১৭

অফিস আদেশ

বিষয় : নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রথম স্বীকৃতিসহ স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০১/১১/২০১৭ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.১৬(অংশ).১০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জোহরা হাছান বালিকা উচ্চ বিদ্যালয়-টি মৌলিক শর্তাবলী পূরণ করায় নিম্নলিখিত প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০১৭ হতে ৩১/১২/২০২১ তারিখ পর্যন্ত মোট ৫ (পাঁচ) বছরের জন্য নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে (৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত) অস্থায়ী স্বীকৃতিসহ স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি করা হলো।

শর্তসমূহ :

- এ অস্থায়ী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
- পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে অস্থায়ী স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
- বিদ্যালয়ের শিক্ষারমান উন্নয়নের জন্য শিক্ষককে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা প্রস্তুত করে শ্রেণি কক্ষে পাঠদান দিতে হবে।
- বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান) পরিচালনা করতে হবে।
- জেএসসি পরীক্ষায় কমপক্ষে ৭০% পরীক্ষার্থী উত্তীর্ণ হতে হবে।
- বিদ্যালয়ের চারিপার্শ্বে মূল্যবান ফলজ ও বনজ বৃক্ষরোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ থাকতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- বোর্ডের পরামর্শক্রমে আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট উন্নয়ন করতে হবে।
- বিদ্যালয়ে জেএসসি পরীক্ষার্থী সংখ্যা ও ফল আরো বৃদ্ধি করতে হবে।
- নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর এ.টি.এম. মইনুল হোসেন

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

জোহরা হাছান বালিকা উচ্চ বিদ্যালয়

পোঃ- বাজার হাসনাবাদ, উপজেলা- রায়পুরা

জেলা- নরসিংদী।

মেমো নং- ১৩৮০ (৭)

তারিখ: ০৫/১২/১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- জেলা প্রশাসক, নরসিংদী।
- উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী।
- উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
- সভাপতি, নির্বাহী কমিটি, জোহরা হাছান বালিকা উচ্চ বিদ্যালয়।
- অফিস কপি।

০৫-১২-১৭

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

২০১৭
০৫/১২/১৭